কালের কণ্ঠ
শনিবার। ১৫ মার্চ ২০১৪
১ চৈত্র ১৪২০

15 March 2014, Page – 20

মাহাথির মোহাম্মদ আসছেন আজ

কূটনৈতিক প্রতিবেদক ▶

আধুনিক মালয়েশিয়ার রূপকার ও সাবেক প্রধানমন্ত্রী মাহাথির বিন মোহাম্মদ দুই দিনের সফরে আজ শনিবার সকালে ঢাকায় আসছেন। বেসরকারি বিশ্ববিদ্যালয় ইউনিভার্সিটি অব ইনফরমেশন, টেকনোলজি ও সায়েন্সের (ইউআইটিএস) সমাবর্তনে অংশ নিতে তিনি ঢাকায় আসছেন। তিনি সমাবর্তন বক্তা হিসেবে ইউআইটিএসের অনুষ্ঠানে বক্তব্য দেবেন। বৃহস্পতিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে ইউআইটিএসের উপাচার্য মোহাম্মদ সামাদ এ তথ্য জানান।

উপাচার্য বলেন, শনিবার বিকেল ৩টায় ঢাকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইউআইটিএসের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠিত হবে। এতে ইউআইটিএসের মোট ছয় হাজার ৮১ জন শিক্ষার্থীকে সনদ দেওয়া হবে। তাঁদের মধ্যে ১৫ জন কৃতী শিক্ষার্থীকে দেওয়া হবে স্বর্ণপদক। সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের ▶▶ পৃষ্ঠা ৬ ক. ৪

মাহাথির মোহাম্মদ আসছেন

▶▶ শেষ পৃষ্ঠার পর

আচার্য ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান সুফি মোহাম্মদ মিজানুর রহমান ও উপ-উপাচার্য কে এম সাইফুল ইসলাম খান। উপস্থিত ছিলেন ভারত থেকে আসা হজরত নিজামুদ্দিন আউলিয়ার মাজারের পীর নাজিম আল নিজামী। ড. মাহাথির মোহাম্মদ এর আগে ২০০৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন।

আজ সকাল সাড়ে ১০টার দিকে বিশেষ বিমানে ঢাকায় আসবেন মাহাথির। বিকেলে ইউআইটিএসের সমাবর্তন অনুষ্ঠানে অংশ নেওয়ার পর সন্ধ্যায় গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রীর সম্মানে নৈশ ভোজের আয়োজন করেছেন। আগামীকাল রবিবার সকাল সাড়ে ৯টার দিকে মাহাথির মোহাম্মদের বাংলাদেশ ছাড়ার কথা রয়েছে।